অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ছাত্র ঋণ গ্রহীতাদের জন্য উল্লেখযোগ্য ভোক্তা সুরক্ষা প্রদানকারী প্রস্তাবিত নতুন বিধির ঘোষণা দিয়েছেন

ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) এর প্রস্তাবিত নতুন বিধির মধ্যে রয়েছে ছাত্র ঋণ সেবা প্রদান শিল্পের দীর্ঘমেয়াদী সমস্যাগুলি সমাধান করার জন্য বিস্তারিত আদর্শ

প্রস্তাবিত বিধি 60 দিনের সর্বজনীন মন্তব্যকালের আওতাধীন, যার পর DFS মন্তব্যগুলি পর্যালোচনা করবে এবং চূড়ান্ত বিধি জারি করবে

ছাত্র ঋণ সেবা প্রদানকারীদেরকে দেশব্যাপী মাল্টিস্টেট লাইসেন্সিং সিস্টেমের (Nationwide Multistate Licensing System, NMLS) এর মাধ্যমে লাইসেন্সিং অ্যাপ্লিকেশন জমা দিতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নতুন একটি প্রস্তাবিত বিধি ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কের ছাত্র ঋণ গ্রহীতাদের জন্য উল্লেখযোগ্য ভোক্তা সুরক্ষা প্রদান করবে। এই বিধি অনুসারে যেসব কোম্পানি কোম্পানি নিউ ইয়র্কবাসীগণ কর্তৃক ধারণকৃত ছাত্র ঋণ সেবা প্রদান করে তাদেরকে নতুন মানদণ্ডগুলি পূরণ করতে হবে যা ছাত্র ঋণ সেবা প্রদান শিল্পে উপদ্রবকারী সমস্যাগুলি দূরীভূত করবে। প্রস্তাবিত বিধিটি 31 জুলাই 2019 তারিখের স্টেট রেজিস্ট্রারে প্রকাশের পর 60-দিনের একটি মন্তব্যকালের আওতাধীন। এরপর ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস সব গৃহীত মন্তব্য পর্যালোচনা করে একটি চূড়ান্ত বিধি জারি করবে।

"কেন্দ্রীয় প্রশাসন ছাত্র ঋণের ক্রমবর্ধমান সমস্যাকে উপেক্ষা করলেও, নিউ ইয়র্ক ঋণ গ্রহীতাদের সুরক্ষায় ব্যবস্থা নিচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "এই পদক্ষেপ ছাত্র ঋণ সেবা প্রদান শিল্পের অসচেতন প্রথা ঠেকাতে এবং ঋণগ্রহীতাদের কিভাবে তাদের শিক্ষার অর্থ যোগান দেবে সে সম্পর্কে ভালোভাবে ওয়াকিবহাল করার জন্য ক্ষমতায়নে সাহায্য করবে।"

প্রস্তাবিত বিধির অধীনে, ছাত্র ঋণ সেবা প্রদানকারীদের প্রয়োজন হবে:

- ফি, বকেয়া পেমেন্ট এবং ঋণের শর্তাবলি সম্পর্কে সুস্পষ্ট এবং সম্পূর্ণ তথ্য প্রদান করার;
- সেবা প্রদানকারীর ফি বাড়ায় এমন উপায়ের পরিবর্তে ঋণগ্রহীতাদের সেরা স্বার্থে পেমেন্ট প্রয়োগ করার;

- আয়-ভিত্তিক ঋণ পরিশোধ এবং ঋণ মওকুফ সুবিধা সম্পর্কে ঋণগ্রহীতাদের অবহিত করার;
- ভোক্তাদের অ্যাকাউন্টের একটি বিস্তারিত ইতিহাস বজায় রাখার এবং তাদেরকে প্রদান করার;
- যখন একজন ঋণগ্রহীতার ঋণ একটি নতুন সেবা প্রদানকারীর কাছে স্থানান্তর করা হয়, তখন নিশ্চিত করার যে ঋণের সাথে সব প্রয়োজনীয় সেবার তথ্য স্থানান্তর করা হয় যাতে ঋণগ্রহীতার ঋণ পরিশোধ বিঘ্নিত না হয়;
- রিপোর্টিং এজেন্সিগুলিকে ঋণ প্রদানের জন্য সঠিক তথ্য প্রদান করার; এবং
- ভোক্তার অভিযোগের সময়মত এবং বিস্তারিত প্রতিক্রিয়া প্রদান করার।

আজ ঘোষিত প্রস্তাবিত বিধিটিতে সেবা প্রদানকারীদের প্রতারণাকারী বা বিভ্রান্তিকর ঋণগ্রহীতা, কোনো অন্যায্য, মোহময়ী, অপব্যবহার, বা শিকারী কর্ম বা প্রথাতে জড়িয়ে পড়া বা ঋণগ্রহীতাদের পেমেন্ট ভুলভাবে প্রয়োগ করা থেকে নিষিদ্ধ করবে।

"সকল নিউ ইয়র্কবাসী সাশ্রয়ী, উচ্চ-মানের শিক্ষা গ্রহণের সুযোগ লাভ করতে পারেন এটি নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন**। "ছাত্র ঋণ সংকট একটি বাস্তব ইস্যু এবং যারা আর্থিকভাবে সর্বাধিক দুর্বল তাদের রক্ষায় কাজ করা সবসময়ই একটি শীর্ষ অগ্রাধিকার। এই নতুন বিধি স্টেট জুড়ে লক্ষাধিক ছাত্র ঋণ গ্রহীতাকে যথাসাধ্য সেবা দিতে বর্ধিত সুরক্ষা প্রদান করবে।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বিভাগের সুপারিনটেনডেন্ট লিন্ডা লেসওয়েল বলেন, "নিউ ইয়র্কের 2 মিলিয়নেরও বেশি ছাত্র ঋণ গ্রহীতাদের, যারা ইতোমধ্যে ঋণের বিরাট বোঝা বহন করছে, তাদের শিক্ষায় বিনিয়োগ করার পর ছাত্র ঋণ সেবা প্রদানকারীদের দ্বারা অপব্যবহার সহ্য করা উচিত হবে না। এই নতুন নিয়ন্ত্রক শাসকদের অধীনে আমরা নিউ ইয়র্কের শিক্ষার্থী, তাদের পরিবার এবং তাদের ভবিষ্যতকে রক্ষা করার আশায় রইলাম।"

সেনেটর কেভিন টমাস, কনজিউমার্স অব অ্যাফেয়ার্স কমিটির (Consumer of Affairs Committee) চেয়ারম্যান, বলেন "নিউ ইয়র্কবাসী তাদের শিক্ষাকে এগিয়ে নেওয়ার ন্যায্য ও সমান সুযোগ পাওয়ার অধিকার রাখে। আমার পেশা জীবনে আমি বহু ছাত্রকে উন্নত জীবন গড়ার আশার চেষ্টা করতে গিয়ে লুন্ঠনকারী ঋণ প্রদানকারী কর্তৃক হেনস্থা হতে দেখেছি। ছাত্র ঋণ সেবা প্রদানকারীদের এই আইন পাশ ছাত্র ঋণ গ্রহীতাদের জন্য অনেক প্রয়োজনীয় ভোক্তা সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে এক প্রধান সাফল্যের প্রতিনিধিত্ব করে।"

ব্যাংক কমিটির সেনেট চেয়ার সেনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "আমি এই প্রস্তাবিত ভোক্তা ঋণ সুরক্ষা সম্পূর্ণরূপে সমর্থন করি যা এটা নিশ্চিত করতে সাহায্য করবে যে যারা তাদের শিক্ষা অব্যাহত রাখার জন্য একটি ছাত্র ঋণ নিতে ইচ্ছুক তারা এই প্রক্রিয়ায় ভোগান্তিতে পড়বে না। এটা দুর্ভাগ্যজনক যে কিছু ঋণদাতা ঋণগ্রহীতাদের স্বার্থের আগে তাদের নিজেদের স্বার্থ তুলে ধরে, এবং এই ধরনের অসৎ প্রথাগুলিকে আমাদের রুখে দেয়া গুরুত্বপূর্ণ।"

বিধানসভার সদস্য মাইকেল ডেনডেকার, কনজিউমার অ্যাফেয়ার্স কমিটির সভাপতি বলেন। "ছাত্র ঋণ সেবা প্রদানকারী শিল্পের যারা নিছক একটি শিক্ষা পেতে চেষ্টা করে তাদেরকে ভোগান্তিতে ফেলার একটি অস্বস্তিকর ইতিহাস আছে। ছাত্র ঋণ সেবা প্রদানকারী শিল্পের জোরালো বিধিমালা নিশ্চিত করার অভিযোগে নেতৃত্ব দেয়ায় আমি গভর্নর কুওমো এবং DFS-কে সাধুবাদ জানাই। ছাত্র ঋণগ্রহীতাদেরকে অপরিহার্য ভোক্তা সুরক্ষা দেয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ক এখন অন্যান্য নেতৃস্থানীয় প্রগতিশীল স্টেটে যোগ দেয়।"

ব্যাংক কমিটির (Banks Committee) অ্যাসেম্বলি চেয়ার সংসদ সদস্য কেনেথ পি. জেব্রোস্কি বলেন, "জালিয়াতি এবং বিভ্রান্তিকর কৌশলগুলি ইতোমধ্যে ছাত্র ঋণ সমস্যা আরো বাড়িয়ে দিয়েছে। এসব নতুন সুরক্ষা নিশ্চিত করবে যে শিক্ষার্থীদের সাথে ন্যায্যতা ও সততার সঙ্গে আচরণ করা হচ্ছে।"

দেশব্যাপী মাল্টিস্টেট লাইসেন্সিং সিস্টেম (NMLS), একটি নিরাপদ, ওয়েব ভিত্তিক, দেশব্যাপী লাইসেন্সকরণ ব্যবস্থার মাধ্যমে ছাত্র ঋণ সেবা প্রদানকারীদেরকে তাদের লাইসেন্সিং অ্যাপ্লিকেশন জমা দিতে হবে। লাইসেন্সিং অ্যাপ্লিকেশন NMLS এর ওয়েবসাইটে সরাসরি থাকবে 1 আগস্ট 2019 তারিখে।

লাইসেন্সিং প্রক্রিয়ার অতিরিক্ত তথ্যের জন্য, ভিজিট করুন DFS এর ছাত্র ঋণ সেবা প্রদানকারীর লাইসেন্সিং রিসোর্সগুলি।

প্রস্তাবিত বিধির একটি কপি এখানে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন